দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২০ নভেম্বর ঃ জেলার বামপন্থী আন্দোলনের পুরোধা ও কৃষক নেতা মুকুল মাহাতো শুক্রবার সকালে পরলোক গমন করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০। তার মৃত্যুর সংবাদ ছড়িয়ে পড়তেই জেলার রাজনৈতিক মহলে শোকের ছায়া নেমে আসে। এদিন তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন দলের রাজ্য সম্পাদক তথা পলিটব্যুরোর সদস্য সূর্যকান্ত মিশ্র। সূর্যকান্ত মিশ্র বলেন, ১৯৫৬ সালে ভাষা ভিত্তিক আন্দোলনের মাধ্যমে তাঁর রাজনৈতিক জীবন শুরু। তার নেতৃত্বে ১৯৫৮ সালে কংসাবতী আন্দোলন বাঁকুড়ার জঙ্গলমহলে আলোড়ন ফেলে দিয়েছিল। তারপর ১৯৬১ সালের খাদ্য আন্দোলন, কৃষক আন্দোলন করে সারা জেলায় বিদ্রোহের আগুন ছড়িয়ে ছিলেন তিনি! ১৯৭৮ সালে রাজ্যের প্রথম পঞ্চায়েত নির্বাচনে দলের প্রার্থী হয়ে লড়াই করে জয়ী হন এবং রানিবাঁধ পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হন। তাঁর মরদেহ জেলা কার্যালয়ে রাখা হয় তাকে শেষ শ্রদ্ধা জানানোর জন্য। সেখানে পুষ্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা জানান সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য অমিয় পাত্র, জেলা সম্পাদক অজিত পতি, মহিলা নেত্রী সুদীপা ব্যানার্জি, শিক্ষক নেতা আশিস পান্ডে সহ অগণিত ভক্ত। এখান থেকে মরদেহ নিয়ে একটি শোক মিছিল বাঁকুড়া শহর পরিক্রমা করে। তাতে অংশ নেন সূর্যকান্ত মিশ্র, অমিয় পাত্ররা। তারপর মরদেহ নিয়ে যাওয়া হয় তার গ্রামের বাড়ি রানিবাঁধ ব্লকের ধানাড়ায়। এদিন বিকেলে লক্ষ্যাতড়া শ্মশানে শেষকৃত্য সম্পন্ন হয়।

বিস্ফোরণ নিয়ে দিনভর রাজনৈতিক নাটক

দুরন্ত বার্তা, মালদা, ২০ নভেম্বর ঃ সুজাপুর বিস্ফোরণ কাণ্ড নিয়ে দিনভর চলল রাজনৈতিক নাটক। কখনও ঘটনাস্থলে যাচ্ছে বিজেপির প্রতিনিধিদল আবার কখনও ঘটনাস্থল পরিদর্শনে যাচ্ছে কংগ্রেসের প্রতিনিধি দল। অভিযোগ, পাল্টা অভিযোগ। এদিন সকালে সুজাপুর বিস্ফোরণ কাণ্ডে ঘটনাস্থল পরিদর্শনে যায় কংগ্রেসের এক প্রতিনিধি দল। উপস্থিত ছিলেন সুজাপুরের বিধায়ক ইশা খান চৌধুরী, মানিকচকের বিধায়ক মুক্তাকিন আলম সহ কংগ্রেসের প্রতিনিধিরা। এ বিষয়ে সুজাপুরের বিধায়ক ইশা খান চৌধুরী জানান নিরপেক্ষ তদন্ত হোক এটাই আশা করি বিজেপির বড় বড় নেতারা আহত এবং তাদের পাশে দাঁড়াক বাড়িতে বড় বড় কথা না বলে। অন্যদিকে কংগ্রেসের পরই কিছুক্ষণের মধ্যেই ঘটনাস্থল পরিদর্শনে যান বিজেপির প্রতিনিধি দল উপস্থিত ছিলেন বিজেপি নেত্রী শ্রীরূপা মিত্র। পরে তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান, পশ্চিমবঙ্গের মানুষ ভয় এবং ভীত। সন্ত্রাসের রাজত্ব চলছে। পশ্চিমবঙ্গের পুলিশ নিরপেক্ষ তদন্ত করতে চাইলেও করতে পারবে না কারণ তাদের ওপর রাজনৈতিক চাপ আসবে। সুজাপুর বিস্ফোরণ কাণ্ড নিয়ে আজ দিনভর এইভাবেই চলল রাজনীতি। এদিকে সুজাপুরের প্লাস্টিক কারখানায় বিস্ফোরণ যান্ত্রিক কারনেই, এমনই তথ্য উঠে এসেছে পুলিশের প্রাথমিক তদন্তে। তবে বিস্ফোরণের তীব্রতা এত জোরালো কেন? তা জানতে এখন ফরেন্সিক বিশেষজ্ঞদের মতামতের অপেক্ষায় পুলিশ। বিস্ফোরণের তীব্রতা ভাবাচ্ছে তদন্তকারীদেরও। মালদার সুজাপুরে যে ধরনের কারখানায় বিস্ফোরণের ঘটনা ঘটে, সেরকম অন্তত ২০টি কারখানা রয়েছে সুজাপুর ও কালিয়াচকের মধ্যে ৩৪ নম্বর জাতীয় সড়কের দু'ধারে। বেশির ভাগ কারখানা ১০ থেকে ২০ বছরের পুরনো। এইসব কারখানায় কাজ করেন কয়েক হাজার শ্রমিক যাঁদের মধ্যে রয়েছে নাবালক ও মহিলারাও। সাধারণত উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য এমনকী বিহার, ঝাড়খণ্ড থেকেও অব্যবহৃত প্লাস্টিক সামগ্রী এসে পৌঁছয় এইসব কারখানায়। সেখানে প্লাস্টিকগুলি বাছাই করে কাটিং মেশিনে ফেলে ছোট ছোট টুকরোর আকার দেওয়া হয়। এরপর ওইসব প্লাস্টিক টুকরো জলে ধুয়ে, রোদে শুকিয়ে পাঠানো হয় কলকাতা সহ উত্তর ভারতের কিছু রাজ্যে। এইসব প্লাস্টিক কুঁচি দিয়ে তৈরি হয় রকমারি নতুন প্লাস্টিক সামগ্রী। যে কাটিং মেশিনে বিস্ফোরণের কথা বলা হয়েছে সেগুলি ৪০ থেকে ৪৫ অশ্বশক্তি সম্পন্ন। বিদ্যুৎ চালিত এই মেশিনে মোটর ছাড়াও, চর্তুদিকে লোহার মোটা পাত আর ধারালো ব্লেড থাকে। তবে বছরের পর বছর কারখানাগুলি চললেও অতীতে এমন কোনও বিস্ফোরনের নজির নেই। বিস্ফোরণের পর ঘটনাস্থলে পৌঁছে দেখা যায়, মেশিনের প্রায় কিছুই অবশিষ্ট নেই, কয়েকটি ছোট ছোট টুকরো এদিক-ওদিক ছড়িয়ে পড়েছে। ঘটনাস্থলে দুই থেকে আড়াই ফুট গভীর গর্ত। কারখানার টিনের চাল ঝুলে রয়েছে আশপাশের বিভিন্ন গাছে। এমনকী মৃতদের দেহাংশও বহু দূরে ছিটকে পড়ে। এখন এই বিস্ফোরণের ব্যপকতায় ভাবাচ্ছে তদন্তকারীদের। যেভাবে মেশিনের অংশ টুকরো টুকরো হয়ে গিয়েছে, তাতে তদন্তকারীদের অনুমান, মেশিন চালু থাকা অবস্থাতেই বিস্ফোরণ হয়েছি। ঘটনাস্থলে তেমন গন্ধ জাতীয় কিছু না মেলায় রাসায়নিক কোনও কারণ নেই বলেই প্রাথমিক অনুমান তদন্তকারীদের। মেশিনের যান্ত্রিক সমস্যা হয়ে থাকতে পারে বলে অনুমান পুলিশের। পুলিশ জানিয়েছে, আপাতত সব সম্ভবনা খতিয়ে দেখে তদন্তের কাজ এগনো হচ্ছে। এদিকে ঘটনার পরেই মালদার সুজাপুরে অন্যান্য প্লাস্টিক কারখানাগুলিতে কাজ বন্ধ হয়ে যায়। বেশিরভাগ কারখানা বন্ধ করে উধাও হয়ে যান মালিক ও কর্মীরা। এদিকে পুলিশ জানিয়েছে, দুর্ঘটনার পর নিরাপত্তার স্বার্থে ঘটনাস্থলটি দ্বিস্তরীয় বলয়ে মুড়ে রাখা হয়েছে। সেখানে বিশেষজ্ঞ ছাড়া কারও প্রবেশাধিকার নেই। তাই সঙ্গ কারণেই বিজেপি প্রতিনিধিদেরও ঢুকতে দেওয়া হয়নি। এদিন কলকাতা থেকে সেখানে গিয়েছিলেন এসটিএফের ৮ জন। তাঁরা নমুনা সংগ্রহ করেন, ঘটনাস্থলের ছবি তোলেন। ফরেন্সিক বিশেষজ্ঞদের যাওয়ার কথা থাকলেও, এদিন যাননি তাঁরা। এনআইএ এখনও সেখানে যাবে কি না, তা স্থির হয়নি। তবে পুলিশের ভূমিকা নিয়ে একটু ক্ষোভ তৈরি হয়েছে। ৬ জনের মৃত্যুর পরও কোনও মামলাই দায়ের করেনি পুলিশ। এ বিষয়ে মালদার পুলিশ সুপার অলোক রাজোরিয়ার বক্তব্য, কারখানা কর্তৃপক্ষের গাফিলতি ধরেই তদন্ত এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। তা স্পষ্ট হলে তবেই নির্দিষ্ট ধারায় মামলা দায়ের হবে। এই যুক্তি মানতে নারাজ গ্রামবাসীরা।

খালের জলে ভাসল ক্ষেতের ফসল

দুরন্ত বার্তা, বর্ধমান, ২০ নভেম্বর ঃ খালের জলের ভেসে গিয়েছে পাকা ধানের জমি। এরফলে, মাথায় হাত পড়েছে রাজ্যের শস্যগোলা বলে পরিচিত পূর্ব বর্ধমানের ভাতার ব্লকের আমারুন ১ অঞ্চলের চাষিদের। সেচ খালের জল পাকা ধানের জমি প্লাবিত করায় সংকটে পড়ে গিয়েছেন ভাতারের আড়া, আমারুন সহ সংলগ্ন এলাকার বহুচাষি। তাঁদের বক্তব্য, অসময়ে জমিতে সেচের জল ঢুকে পড়ায় ধান নষ্ট হয়ে যাবে। তার জন্য চরম তাঁদের আর্থিক ক্ষতির মুখে পড়তে হবে। ক্ষতিপূরণ না মিললে চাষিরা আর ঘুরে দাঁড়াতে পারবে না। আমারুন এলাকার চাষিরা জানিয়েছেন, খরিফ মরশুমের ধান পেকে গিয়েছে। এখন জমির পাকা ধানগাছ কাটা শুরু হয়েছে। অনেকের কাটা ধান গাছ জমিতেই পড়ে রয়েছে। কেউ কেউ ধান কাটা-ঝাড়াইয়ের কাজ শুরু হয়েছে। তারই মধ্যে বুধবার রাত থেকে ডিভিসি সেচখালে হু হু করে জল বাড়তে শুরু করে। সেচখালের কিছু অংশে বাঁধ ভাঙা ছিল। সেখান দিয়ে জমিতে জল ঢুকে পড়েছে। এলাকার চাষি জহিরউদ্দিন বলেন, সেচখাল দিয়ে প্রচুর জল পাকা ধান জমিতে ঢুকে পড়ায় ভীষণ ক্ষতি হয়ে গেল। যে পরিমাণ জল জমিতে ঢুকেছে তা শুকোতে কমকরে একমাস লাগবে। এতদিন মাঠে ধান কাটার মেশিনও নামানো যাবে না। অপর চাষি জসিম মোল্লা জানান, এবছর এমনিতেই পোকায় ধানের ব্যাপক ক্ষতি করেছে। জমিতে লাগাতার কীটনাশক প্রয়োগ করেও পোকা আটকানো যায় না। এখন পাকাধানের জমিতে জল ঢুকে গিয়ে বড় ক্ষতি হয়ে গেল। এলাকার চাষির ক্ষতিপূরণের দাবি তুলেছেন। ভাতার পঞ্চায়েত সমিতির কৃষি কর্মাধ্যক্ষ প্রদ্যুৎ পাল বলেন, ভাতারের একটা অংশের খুব ক্ষতি হয়েছে ঠিকই। পাকাধানের জমিতে ক্যানেলের জল ঢুকে গেছে। তিনি নিজে এলাকা ঘুরে দেখেছেন। চাষিদের জন্য কি করা যায় সেই বিষয়টি নিয়ে উচ্চ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করবেন বলে কৃষি কর্মাধ্যক্ষ জানিয়েছেন।

ছট পুজোয় ভিড়

দুরন্ত বার্তা, কালিয়াগঞ্জ, ২০ নভেম্বর ঃ করোনা পরিস্থিতির কারণে সুপ্রিম কোর্ট ও রাজ্য সরকার ছটপুজো উপলক্ষ্যে বেশকিছু বিধিনিষেধ আরোপ করেছিল। কিন্তু কালিয়াগঞ্জের শ্রীমতী নদীর ঘাটে ছটপুজোর বিকেলের চিত্র ছিল অন্যরকম। মাস্কহীন অবস্থায় সামাজিক দূরত্ববিধিকে কার্যত বুড়ো আঙুল দেখিয়ে ঘাটে ছিল দর্শনার্থীদের ভিড়। এদিকে পুর প্রশাসনের তরফে মাইকের মাধ্যমে বার বার দর্শনার্থীদের সচেতন করার চেষ্টা তাতে কোনও লাভ হয়নি। এদিন বিকেলে এলাকার বিধায়ক তপন দেবসিংহ ঘাটে এসে সাধারণ মানুষকে মাস্ক পরার জন্য অনুরোধ করেন। কালিয়াগঞ্জ পুলিশ-প্রশাসনের তরফে সামাজিক দূরত্ববিধি মেনে ছটপুজো দেখার অনুরোধ করতে দেখা যায়। এক দর্শনার্থী বলেন, বাড়ি থেকে বেরোনোর সময় মাস্ক নিতে ভুলে গিয়েছি। তাঁর মতে, করোনার প্রকোপ এখন অনেক কম, তাই আতঙ্কিত হয়ে পড়ার কিছু নেই। বিধায়ক বলেন, হাতজোড় করে সামাজিক দূরত্ববিধি মানা এবং মাস্ক পরার বিষয়ে সবাইকে অনুরোধ করেছি। শনিবার সকালে দর্শনার্থীরা বিষয়গুলি মাথায় রাখবেন বলে আশা রাখছি।

বাড়ির ম্যানেজারের সঙ্গে অবৈধ সম্পর্কের জেরে খুন পরিচারিকা

দুরন্ত বার্তা, বর্ধমান, ২০ নভেম্বর ঃ এক পরিচারিকার বিবস্ত্র মৃতদেহ উদ্ধার হল ওই বাড়ির সামনে থেকেই। ঘটনাকে চাঞ্চল্য ছড়িয়েছে কালনার মন্তেশ্বরের ঘোড়াডাঙ্গা গ্রামে। মৃতার নাম পুতুল হাজরা। পরিচারিকাকে ধর্ষণ করে খুনের অভিযোগ উঠেছে ওই বাড়ির ম্যানেজারের বিরুদ্ধে। ঘটনার পরই অভিযুক্ত তপন হাজরা পলাতক। অবৈধ সম্পর্কের জেরে এই মৃত্যু বলে প্রাথমিক অনুমান। পরিবার সূত্রে জানা যায়, পুতুল হাজরা বর্তমানে বর্ধমানের বাসিন্দা সোনা রায়ের মন্তেশ্বরের ঘোড়াডাঙার বাড়িতে পরিচারিকার কাজ করতেন। ওই বাড়িতেই ম্যানেজার হিসাবে কর্মরত ছিলেন তপন হাজরা নামে এক ব্যক্তি। ম্যানেজারের সঙ্গে ওই পরিচারিকার সম্পর্ক ছিল বলে জানায় মৃতার পরিবার। বৃহস্পতিবার সন্ধ্যায় তপন হাজরা ওই পরিচারিকার স্বামীকে ফোন করে খবর দেয় যে, তার স্ত্রীর দেহ পড়ে রয়েছে সোনা রায়ের বাড়ির সামনে। এরপর গৃহবধূর স্বামী পৌঁছতেই এলাকা ছেড়ে চম্পট দেয় ম্যানেজার তপন হাজরা। পুলিশের প্রাথমিক অনুমান ধর্ষণ করে ওই গৃহবধূকে খুন করা হয়েছে। তবুও ঘটনার আসল কারণ জানতে তদন্তে নেমেছে মন্তেশ্বর থানার পুলিশ। তবে ঠিক কী কারণে এই খুন তা নিয়ে এখনও ধোঁয়াশায় সকলে। ময়নাতদন্তের রিপোর্ট এলেই মৃত্যুর সঠিক কারন জানা যাবে বলে জানিয়েছে পুলিশ।

অগ্নিদগ্ধ এক বৃদ্ধা

দুরন্ত বার্তা, মালদা, ২০ নভেম্বর ঃ অগ্নিদগ্ধ হয়ে এক বৃদ্ধার মৃত্যুকে ঘিরে চাঞ্চল্য ছড়াল গাজোল-১ নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকার জামডাঙা গ্রামে। মৃত ওই বৃদ্ধার নাম অঞ্জলি মন্ডল (৭০)। স্বামী পরিত্যক্তা ওই বৃদ্ধা বাড়িতে একাই থাকতেন। মাঝে মধ্যে মদ্যপানও নাকি করতেন। সম্ভবত বৃহস্পতিবার রাতে মদ্যপ অবস্থায় ঘরে কুপি জ্বালিয়ে ঘুমাতে যাওয়ার সময় কোনভাবে হয়ত শাড়িতে আগুন লেগে যায়। আর সেই আগুন থেকেই অগ্নিদগ্ধ হয়ে ওই বৃদ্ধার মৃত্যু হয় বলে অনুমান। অন্যদিকে, রাতে এই ঘটনা ঘটলেও প্রতিবেশীরা কেউ টের পাননি। এদিন সকালে প্রতিবেশী এক আত্মীয়া তাকে ডাকতে গিয়ে কোনো সাড়া পাননি। তারপর গ্রামবাসীরা ছুটে গিয়ে দেখেন অগ্নিদগ্ধ অবস্থায় খাটের নিচে পড়ে রয়েছে ওই বৃদ্ধার দেহ। তবে ঠিক কিভাবে আগুন লাগলো সে সম্পর্কে সঠিকভাবে কেউ কিছু বলতে পারেননি। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন গাজোল থানার ওসি হারাধন দেব সহ পুলিশ বাহিনী। সরেজমিন তদন্তের পর মৃতদেহ উদ্ধার করে নিয়ে আসে পুলিশ। এরপর মৃতদেহটি ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনা নিয়ে তদন্তে নেমেছে গাজোল থানার পুলিশ।

স্ত্রীর প্রতি বাবা-মায়ের অত্যাচার সহ্য করতে না পেরে আত্মঘাতী



দুরন্ত বার্তা, দুর্গাপুর, ২০ নভেম্বর ঃ স্ত্রীর উপর অত্যাচার সহ্য করতে না পেরে আত্মঘাতী স্বামী, এলাকায় উত্তেজনা। ঘটনাটি ঘটেছে শুক্রবারে। জানা গেছে, তিন মাস হয়েছিল দুর্গাপুর ইস্পাত হাসপাতালে ঠিকা কর্মী হিসেবে কাজে যোগ দিয়েছিলেন ৩৪ বছরের সৌভিক দাস। ইস্পাত নগরীর বি-জোন এডিসনের বাসিন্দা সৌভিকের স্ত্রীর উপর নানাভাবে তাঁর শ্বশুর-শাশুড়ি অর্থাৎ সৌভিকের বাবা-মা অত্যাচার করতেন বলে পাড়া-পড়শিদের অভিযোগ। যার নির্মম পরিণতি হয় বুধবার রাতে। স্ত্রীর উপর বাবা-মায়ের অত্যাচার আর সহ্য করতে পারেনি সৌভিক দাস। অভিযোগ, সেই রাতেই গায়ে আগুন দেয় সৌভিক। আশঙ্কাজনক অবস্থায় সৌভিককে নিয়ে যাওয়া হয় হাসপাতালে। শুক্রবার সকালে মৃত্যু হয় সৌভিকের। সৌভিকের মৃত্যুর খবর আসা মাত্রই দুর্গাপুরের এডিসন রোডে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে। উত্তেজিত স্থানীয় বাসিন্দারা সৌভিকের স্ত্রী ও পাঁচ বছরের দুই যমজ কন্যা সন্তানের জন্য ক্ষতিপূরণের দাবিতে সৌভিকের ঘরের সামনে এসে বিক্ষোভ শুরু করে দেয়। এলাকাবাসীর দাবি, সৌভিকের বাবা-মায়ের শাস্তি চাই। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ, উত্তেজিত জনতার হাত থেকে পুলিশ সৌভিকের বাবা-মাকে উদ্ধার করতে এলে স্থানীয়দের প্রবল বাধার মুখে পড়ে পুলিশ, শেষমেশ তাঁদের বুঝিয়ে-সুঝিয়ে শান্ত করে পুলিশ। কিন্তু পড়শিরা সাফ জানিয়ে দেয়, যতক্ষণ না সৌভিকের স্ত্রী ও পাঁচ বছরের দুই যমজ কন্যা সন্তানকে ক্ষতিপূরণের ব্যবস্থা করে দেওয়া হচ্ছে ততক্ষণ তাঁরা নিজেদের এই সিদ্ধান্ত থেকে সরবেন না। গোটা ঘটনাতে শুক্রবার সকালে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে ইস্পাত নগরীর এডিসন এলাকায়, অশান্তি এড়াতে সৌভিকের বাড়ির সামনে রয়েছে পুলিশ। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

কৃষকদের বিক্ষোভ

দুরন্ত বার্তা, বর্ধমান, ২০ নভেম্বর ঃ এলাকার চাষিদের সব ধান সরকারি সহায়ক মূল্যে কিনতে হবে। এই দাবিতে বিক্ষোভ চলছিল রাইস মিলের গেটের সামনে। কিন্তু কর্তৃপক্ষ সে দাবি না মানায় রাইস মিলে ঢোকার রাস্তাই কেটে দিল গ্রামবাসীরা। তাদের দাবি, রাইস মিলের জল, ছাইয়ে চাষের ক্ষতি হয়। তাই এলাকার সব ধান কিনতে হবে রাইস মিলকে। রাইস মিল কর্তৃপক্ষ অবশ্য জানিয়েছে, প্রশাসনের সঙ্গে চুক্তির পর নির্ধারিত পরিমান ধান কেনা সম্ভব। গ্রামবাসীদের দাবি মেনে সব ধান কেনা সম্ভব নয়। পূর্ব বর্ধমানের গলসিতে এই ঘটনা ঘটেছে। সরকারি সহায়ক মূল্যে ধান বিক্রি করার সুযোগ দিতে হবে-এই দাবিতে মিলের গেটে বিক্ষোভ দেখালো পূর্ব বর্ধমান জেলার গলসি এক নম্বর ব্লকের গলিগ্রাম, মথুরাপুর ও অনুরাগপুর গ্রামের কৃষকরা। রাইস মিল কর্তৃপক্ষ তৎক্ষণাৎ চাষিদের সব ধান কিনে নেওয়ার প্রতিশ্রুতি দিতে না পারলে জেসিবি দিয়ে মিলের রাস্তা কেটে প্রতিবাদ জানালো চাষিরা। কৃষকদের অভিযোগ, গলসিতে ধানের জমি অনেক বেশি। তুলনায় ধান বিক্রি করার জায়গা কম। এর মধ্যে আবার অনেক রাইস মিল ধান কিনছে না। তার ফলে সমস্যা বাড়ছে। এ দিন কৃষকরা ধান কিনতে হবে এই দাবি তুলে একটি রাইস মিলের সামনে অবস্থান বিক্ষোভ করে। তাতেও মিল কর্তৃপক্ষের তরফে ইতিবাচক কোনও পদক্ষেপের দেখা মেলেনি। এরপরই উত্তেজিত কৃষকরা জেসিবি মেশিন দিয়ে রাইস মিলে ঢোকার রাস্তা কেটে দেয় বলে অভিযোগ। ২ নভেম্বর থেকে সরকারি সহায়ক মূল্যে ধান কেনা শুরু করেছে রাজ্য সরকার। জোর কদমে ধান কাটার কাজ শুরু হয়েছে। চুক্তিবদ্ধ হওয়া রাইস মিলের মাধ্যমে ধান কেনার সিদ্ধান্ত নিয়েছে জেলা প্রশাসন। ধান বিক্রি নিশ্চিত করতে রাইস মিলগুলির ওপর চাপ বাড়াচ্ছে কৃষকরা। তাঁরা বলছেন, এলাকার তিনটি রাইস মিল রয়েছে। মিলগুলির নিকাশি জল ও ছাই কৃষি জমিতে পড়ে ফসলের ক্ষতি হচ্ছে। ছাইয়ে গোটা গ্রাম ঢাকা পড়ছে। অথচ ধান কেনার সময় পিছিয়ে যাচ্ছে রাইস মিল।

অস্বাভাবিক মৃত্যু

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২০ নভেম্বর ঃ ইটাহারে কিশোরের অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য। মৃত কিশোরের নাম আইমুদ্দিন খান(১৪)। ইটাহার থানার কাপাসিয়া গ্রাম পঞ্চায়েতের গৌরিপুর গ্রামের ঘটনা। মৃতদেহটি ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ হাসপাতালে পাঠিয়েছে পুলিশ। সূত্রের খবর, মৃতদেহে কোথাও আঘাতের চিহ্ন মেলেনি। তবে কিভাবে মৃত্যু হল ওই কিশোরের। ময়নাতদন্তের রিপোর্টের পরই বিষয়টি পরিস্কার হবে বলে জানিয়েছেন পুলিশের তদন্তকারী এক আধিকারিক। আইমুদ্দিন খানের বাবা আক্তার খান। পেশায় চাষি। ইটাহার থানার কাপাসিয়া গ্রাম পঞ্চায়েতের গৌরিপুরে জমিতে সরষের চাষ করেন তিনি। স্থানীয়সূত্রে জানা গিয়েছে, আক্তারের ওই জমিতে কেউ বা কারা বিষ দিয়ে দেয় বলে অভিযোগ। যার ফলে প্রতিবেশী বাবুল খানের মুরগি সহ গ্রামের বেশ কিছু মুরগি মারা যায়। তারপরই বাবুল খানের সঙ্গে আক্তারের বচসা বাধে। আক্তারের বাড়িতে চড়াও হয় বলেও অভিযোগ ওঠে বাবুলের বিরুদ্ধে। এই ঘটনার পর একে অপরের বিরুদ্ধে ইটাহার থানায় লিখিত অভিযোগ দায়ের করে।আগামী রবিবার দুই পরিবারকে থানায় ডাকে পুলিশ। কিন্তু তার আগেই আজ সকালে আক্তারের ছেলে আইমুদ্দিন খানের দেহ রাস্তার ধারে একটি ঝোপে পরে থাকতে দেখে স্থানীয়রা। খবর দেওয়া হয় ইটাহার থানায়। দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ হাসপাতাল মর্গে পাঠানো হয়। আক্তারের অভিযোগ, আইমুদ্দিনকে গামছা দিয়ে শ্বাসরোধ করে খুন করেছে দুস্কৃতীরা।তবে কিশোরের শরীরের কোনও আঘাতের চিহ্ন পাওয়া যায়নি বলে জানা গিয়েছে পুলিশের একাংশ তরফে। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত করছে পুলিশ।

ধৃত সিমেন্ট চোর

দুরন্ত বার্তা, মালদা, ২০ নভেম্বর ঃ সিমেন্টের গোডাউনের তালা ভেঙে পিকআপ ভ্যানে সিমেন্টের বস্তা লোড করে পালানোর সময় ইংরেজবাজার থানার সাদা পোশাকের পুলিশের হাতে ধরা পড়ল ৫ দুস্কৃতী। উদ্ধার হয় একটি পিকআপভ্যান সহ চোরাই প্রায় ৫০ টি সিমেন্টের বস্তা। ঘটনাটি ঘটেছে শুক্রবার ভোররাতে ইংরেজবাজার থানার উত্তর রামচন্দ্রপুর এলাকায়। ধৃত ওই পাঁচজন দুস্কৃতীকে শুক্রবার দুপুরে ইংরেজবাজার থানার পুলিশ মালদা জেলা আদালতে পেশ করে। পুলিশ সূত্রে জানা যায় ইংরেজবাজার থানার উত্তর রামচন্দ্র পুর এলাকার সিমেন্ট ব্যবসায়ী অপু ঘোষ তার গোডাউন তালা ভেঙে শুক্রবার ভোররাতে ৫ জন দুস্কৃতী তার গোডাউন থেকে প্রায় ৫০ বস্তা সিমেন্ট পিকআপ ভ্যানে লোড করে। তারপর ই তারা এলাকা থেকে পালানোর চেষ্টা করে কিন্তু বিশেষ সূত্রে খবর পেয়ে ইংরেজবাজার থানার সাদা পোশাকের পুলিশ ঘোড়াপীর এলাকায় থেকে তাদেরকে পালানোর সময় হাতেনাতে ধরে ফেলে উদ্ধার হয় চোরাই সিমেন্টের বস্তা গুলি। অভিযুক্ত পাঁচজন দুস্কৃতীর নাম অভিজিৎ দাস, নুরুল শেখ, আজগর শেখ, জয়দেব সিংহ, সঞ্জীব সাহা, এদের মধ্যে সঞ্জীব সাহার বাড়ি ইংরেজবাজার থানা বাগবাড়ি এলাকায় বাকি চারজনের বাড়ি মোথাবাড়ি থানার বিস্তীর্ণ এলাকায়।

ছট পুজোর উদ্বোধন করলেন বিনয়কৃষ্ণ

দুরন্ত বার্তা, কোচবিহার, ২০ নভেম্বর ঃ শুক্রবার কোচবিহার জেলার নিশিগঞ্জের আমতলা নদীর ঘাটে ছটপুজোর উদ্বোধন করেলেন অনগ্রসর শ্রেণি কল্যাণ মন্ত্রী বিনয় কৃষ্ণ বর্মন। এদিকে ছট পুজোকে কেন্দ্র করে নিশিগঞ্জ আমতলা নদীর ঘাট সেজে উঠেছে। আমতলা নদীর ঘাট নিশিগঞ্জ গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে সংস্কার করে দেওয়া হয়েছে এবারও। নিশিগঞ্জ ছট পুজা কমিটি ও নিশিগঞ্জ হিন্দিভাষী কমিটি যৌথভাবে ছটপুজার আয়োজন করে প্রতিবছর। এদিন সারাদিন উপবাস করে অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করবেন পুণ্যার্থীরা। শনিবার ভোরে সূর্যদেবতার আরাধনার মধ্যে দিয়ে শেষ হবে ছট পুজা। ছটপুজার প্রসাদ ঠেকুয়া তৈরীর উপকরণ কিনতে স্থানীয় বাজারে ভিড় করে ছিলেন। নিশিগঞ্জ হিন্দিভাষী সেবা সমিতির সম্পাদক চাঁনমোহন চৌহান বলেন, প্রায় ৭০ বছর ধরে নিশিগঞ্জ আমতলা নদীর ঘাটে ছটপুজো হয়ে আসছে। এবারও করোনা আবহে কিছুটা আড়ম্বর কমানো হয়েছে। হিন্দিভাষী সেবা কমিটির সভাপতি রামচরণ চৌহান বলেন, নিয়ম ও রীতি মেনেই এবারও অসংখ্য পুজারী ছটপুজোয় ব্রতী হয়েছেন। অনেক বাঙালী সম্প্রদায়ের মানুষও এক সঙ্গে ছট পুজোয় অংশ নিয়েছেন। ছটপুজো কমিটির সদস্য রামবিলাস চৌহান বলেন, প্রতিবছর নদীর ঘাটে প্রচুর মানুষ ভিড় জমান। এবছর আমরা করোনার জন্য স্বাস্থ্যবিধি মেনে চলতে সচেতনতার প্রচার চালাচ্ছি। নিশিগঞ্জ ছট পুজোর উপদেষ্টা কমিটির সদস্য জীবন চৌহান বলেন, ছটপুজো কমিটির তরফে ৪০ জন দুঃস্থ পরিবারের মধ্যে কিছু পুজো সামগ্রী বিতরণ করা হয়। পাশাপাশি স্থানীয় বিধায়ক তথা মন্ত্রী বিনয় কৃষ্ণ বর্মনকের কাছে নদী ঘাট সংস্কারের দাবি জানানো হয়।

বিরসা মুন্ডাকে নিয়ে রাজনীতি বন্ধ করার আবেদন

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২০ নভেম্বর ঃ বিরসা মুন্ডাকে নিয়ে রাজনৈতিক তরজা বন্ধ হোক, বন্ধ হোক বিরসাকে নিয়ে আদিবাসী সেন্টিমেন্টের রাজনীতি। গর্জে উঠল ভারত জাকাত মাঝি পারগানা মহল, ভারতীয় আদিবাসী ভূমিজ সমাজ ও পশ্চিমবঙ্গ ভূমিজ ভাষা কমিটি। জঙ্গলমহলেও পড়ল এ সংক্রান্ত পোস্টার। বিরসা মুন্ডার মূর্তি বিতর্কে নয়া মোড়। বিরসাকে নিয়ে রাজনীতি বন্ধ না হলে বড়সড় আন্দোলনের হুঁশিয়ারি দিল আদিবাসীদের বিভিন্ন সামাজিক সংগঠন। বিরসাকে নিয়ে রাজনীতি বন্ধের দাবি জানিয়ে জঙ্গলমহলের বিভিন্ন জায়গায় পড়ল পোস্টারও। বিরসা বিতর্ক জিইয়ে রেখে আসন্ন বিধানসভা নির্বাচনে রাজনৈতিক মাইলেজ পাওয়ার যে চেষ্টা শুরু হয়েছিল সেই চেষ্টাই কি এ বার বুমেরাং হতে চলল? অন্তত তেমনটাই মনে করছে এ রাজ্যের রাজনৈতিক মহল। ৫ নভেম্বর বাঁকুড়ায় পৌঁছে শহর লাগোয়া পুয়াবাগানে একটি আদিবাসী মূর্তিকে বিরসা মুন্ডার মূর্তি বলে শ্রদ্ধা জানান স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শুরু হয় বিতর্ক। মূর্তিটি বিরসার নয়, সেটি এক আদিবাসী শিকারীর-এই দাবি করে পরের দিনই মাঠে নামে তৃণমূল। বিক্ষোভ দেখানোর পাশাপাশি মূর্তির শুদ্ধকরণও হয়। ১৫ নভেম্বর বিরসার জন্মদিনে ফের বিতর্ক উস্কে মূর্তিস্থলে হাজির হন বিজেপি সাংসদ সুভাষ সরকার। তাঁর উপস্থিতিতে ফের মূর্তিটির শুদ্ধিকরণ হয়। আবার ওই ঘটনার ২৪ ঘণ্টার মধ্যেই মূর্তিস্থলে হাজির হয়ে পার্শ্ববর্তী জায়গায় বিরসার প্রায় ৪০ ফুট উঁচু মূর্তি স্থাপনের অঙ্গীকার করে তৃণমূল। রাজনৈতিক মহলের ধারণা, ২০২১-এর বিধানসভা নির্বাচনের আগে বিরসা মুন্ডা মূর্তি ইস্যু জিইয়ে রেখে বাঁকুড়া সহ আশপাশের জেলার আদিবাসী ভোটব্যাঙ্ককে নিজেদের পক্ষে টানতেই এই ইচ্ছাকৃত চেষ্টা শুরু হয়েছে ঘাস ও পদ্মফুল শিবিরে। স্থানীয় বিজেপি নেতা পার্থসারথি কুন্ডু বলেন, বিরসার মূর্তি নিয়ে বিজেপি কোনও রাজনীতি করছে না। বিজেপি চিরকাল আদিবাসী সমাজের উন্নয়ন চেয়েছে। এই রাজনীতিটা করছে বরং অন্য দল। তার মধ্যে তৃণমূল আছে, সিপিএম আছে। তৃণমূলের বাঁকুড়া জেলা সভাপতি শ্যামল সাঁতরা অবশ্য বলেন, ভগবান বিরসার মূর্তি নিয়ে বিজেপি যে ভাবে রাজনীতি করছে তাতে আমাদের সমস্ত স্তরের আদিবাসী মহল প্রতিবাদের ঝড় তুলেছে।

পূর্ব রেলওয়ে

নং. সিওএম/পিইউবি/ইএমইউ/ এইচডব্লুএইচ/ ১৮, তারিখ ঃ ১৯.১১.২০২০। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার (সি), পূর্ব রেলওয়ে, হাওড়া ওপেন ই-টেন্ডার আহ্বান করছেন। হাওড়া ডিভিসনের উপর দিয়ে চলাচলকারী ১২ কোচ ইএমইউ রেক-এ বাণিজ্যিক বিজ্ঞাপনের অধিকার প্রদান- বাহিরে এবং ভিতরে (পেইন্টিং/ভিনাইল র‍্যাপিং ফুল বডি-বহিরাংশের দেওয়ালে আবশ্যিক রেলওয়ে মার্কিংস, লোগো, ফিটিংস ইত্যাদি (ফিটিংস-এর জন্য জায়গা ছেড়ে দিয়ে এবং কোচ-এর অভ্যন্তরে নির্দিষ্ট জায়গায় ভিনাইল র‍্যাপিং-এর মাধ্যমে) মেয়াদকাল ঃ ৫ বছর। টেন্ডারের বিশদ তথ্য ওয়েবসাইট **www.ireps.gov.in** থেকে পাওয়া যাবে। **টেন্ডার বিজ্ঞপ্তি নং.** ঃ (১) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর২৬-২০আর১।(২) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর২৭-২০আর১।(৩)সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ- ইএমইউ-আর২৮-২০আর১।(৪) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর২৯-২০আর১।(৫)সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ- ইএমইউ-আর৩৫-২০আর১।(৬) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৩৬-২০আর১। (৭) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৩৭-২০আর১।(৮)সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ- ইএমইউ-আর৩৮-২০আর১।(৯) সিওএম-পিইউবি- এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪১-২০আর১। (১০) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪২-২০আর১। (১১) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪৩-২০আর১। (১২) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪৪-২০আর১। (১৩) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪৪-২০আর১। (১৪) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪৬-২০আর১। (১৫) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪৭-২০আর১। (১৬) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪৮-২০আর১। (১৭) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৪৯-২০আর১। (১৮) সিওএম-পিইউবি-এইচডব্লুএইচ-ইএমইউ-আর৫০-২০আর১। **কাজের নাম এবং স্থান** ঃ হাওড়া ডিভিসনের উপর দিয়ে চলাচলকারী ১২ কোচ ইএমইউ রেক-এ বাণিজ্যিক বিজ্ঞাপনের অধিকার প্রদান- বাহিরে এবং ভিতরে (পেইন্টিং/ভিনাইল র‍্যাপিং ফুল বডি-বহিরাংশের দেওয়ালে আবশ্যিক রেলওয়ে মার্কিংস, লোগো, ফিটিংস ইত্যাদি (ফিটিংস-এর জন্য জায়গা ছেড়ে দিয়ে এবং কোচ-এর অভ্যন্তরে নির্দিষ্ট জায়গায় ভিনাইল র‍্যাপিং-এর মাধ্যমে) মেয়াদকাল ঃ ৫ বছর। **আনুমানিক মূল্য (এক বছরের জন্য)** ঃ ₹৯,৫০,০২০। **বায়নারাশি** ঃ ₹১,০০,৯০০। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়** ঃ ১০.১২.২০২০ তারিখ দুপুর ৩টা। (১) রিজার্ভ চার্জ মেকানিজম (আরসিএম) অনুযায়ী টেন্ডার নথির মুল্যের ওপর নির্ধারিত জিসটি সংশ্লিষ্ট জিএসটি বিভাগে জমা দিতে হবে। (২) টেন্ডারনথি ওয়েটসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। **(৩) মেয়াদকাল** ঃ ০৫ বছর। **(৪) অফার বলবৎ থাকবে** ঃ ৬০ দিন। (৫) শুধুমাত্র অনলাইনে (IREPS পোর্টাল)-বিড জমা করা যাবে। কোনো ম্যানুয়াল অফার গ্রহণ করা হবে না। **HWH-140/2020-21**

টেন্ডার নোটিস ওয়েবসাইট ঃ www.er.indianrailways.gov.in/ www/ireps.gov.in থেকেও পাওয়া যাবে।

দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ঃ ইলেক্ট-সিএইচজি-৬৫-এসটি-২০-২১-০১, তারিখ ১৯.১১.২০২০। ভারতের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিইই(জি)/ সাঁতরাগাছি, দঃপূঃ রেলওয়ে, খড়গপুর ডিভিশন নিম্নলিখিত বিবরণ অনুযায়ী কাজের জন্য **www.ireps.gov.in**-এ ই-টেন্ডারিংয়ের মাধ্যমে ই-টেন্ডার আহ্বান করছেন। **www.ireps.gov.in** ওয়েবসাইটে কেবলমাত্র অনলাইনে আবেদন করার জন্য যোগ্য কন্ট্রাক্টরদের অনুরোধ জানানো হচ্ছে। এই টেন্ডারের জন্য অফলাইন টেন্ডার গ্রাহ্য হবে না। অনুগ্রহ করে ডকুমেন্ট সেকশনে আপ-লোড করা টেন্ডার নথিপত্র দেখুন। **কাজের নাম** ঃ দঃপূঃ রেলওয়ের খড়গপুর ডিভিশনে সাঁতরাগাছি কোচিং মেন্টেন্যান্স ডিপোতে ওইএম-এর মাধ্যমে এলএইচবি টাইপ নন-এসি কোচগুলি থেকে রিলিজ করা সাত(৭)টি ৬.৫ কেডব্লু রেগুলেটেড ব্যাটারি চার্জার (মেসার্স হিতাচি হাই-রেল পাওয়ার ইলেক্ট্রনিক্স প্রাঃ লিঃর তৈরি)-এর মেরামত। **টেন্ডার মূল্যমান** ঃ ২,৪১,০৭৪ টাকা। **ইএমডি** ঃ ৪,৮০০ টাকা। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়** ঃ ১৫.১২.২০২০-এ দুপুর ৩টা পর্যন্ত। **টেন্ডার ফর্মের মূল্য (অফেরতযোগ্য)** ঃ ১,০০০ টাকা। টেন্ডার বিজ্ঞপ্তি, নথিপত্র ও অন্যান্য বিবরণ **www.ireps.gov.in**-এ দেওয়া আছে। **(PR-384)**

চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস

সংশোধনী

নং. ৭৫২০৩৭২৪ তারিখ ঃ- ১৮/ ১১/ ২০২০। বিষয় ঃ টেন্ডার বন্ধের তারিখ পরিবর্তন। সূত্র .ঃ- (১) কস/ সিআরজে/ পিইউবি/ ই-টেন্ডার/ ১৯/ ০১৬২ তারিখ ১৬/ ০৯/ ২০২০। (২) এই অফিসের চিঠি নং.ঃ- ৭৫২০৩৭২৪ তারিখ ০৯/১০/২০২০। (৩) এই অফিসের চিঠি নং.ঃ- ৭৫২০৩৭২৪ তারিখ ১৬/ ১১/ ২০২০। টেন্ডার নং.ঃ- ৭৫২০৩৭২৪ বন্দোবস্ত ''হেলিকল স্প্রিং সেট ডব্লুএজি-৯এইচসি/ডব্লুএপি-৭/ডব্লুএপি-৫ এর জন্য ১৫৪সেট বন্দোবস্ত''। **খোলার তারিখ হবে** ০১/ ১২/ ২০২০ পরিবর্তে ১৯/ ১১/ ২০২০।

ভারতের রাষ্ট্রপতির পক্ষে
এসএমএম / এম
SIDDH-165 সিএলডব্লু / চিত্তরঞ্জন

Like us on : www.facebook.com/clwrailways

উত্তর পূর্ব রেলওয়ে

Email : cos@ner.railnet.gov.in
Website : www.ner.indianrailways.gov.in **Fax No. : 0551-2200721**

টেন্ডার নোটিস নং ২৭ তারিখ ১৯.১১.২০২০
ই-প্রোকিওরমেন্ট ব্যবস্থায় আহ্বান করা হচ্ছে টেন্ডার

ভারতের রাষ্ট্রপতির পক্ষে প্রিন্সিপাল চিফ মেটিরিয়ালস ম্যানেজার, উত্তর পূর্ব রেলওয়ে, গোরক্ষপুর টেন্ডার আহ্বান করছেন ই-প্রোকিওরমেন্ট ব্যবস্থায় উল্লেখিত সামগ্রী যোগানের জন্য। বিস্তারিত বিবরণ আইটেমের এবং অন্যান্য শর্ত পাওয়া যাবে-www.ireps.gov.in ওয়েবসাইটে।

ক্রম.	টেন্ডার সংখ্যা	বকেয়া	স্টোরের বিস্তারিত বিবরণ	সংরক্ষিত গুনমান হবে	প্রয়োজনীয় সংখ্যা	আয়ের মূল্য
১	২২২০১৪১৫	১৭.১২.২০২০	বগি সেন্টার ইত্যাদি	আরডিএসও	১০০০টি	৭৮৪৩০/-
২	২২২০১৬৭৭	২১.১২.২০২০	এয়ার স্প্রিং অ্যাসে. ইত্যাদি	আরডিএসও	২৪টি	৫৩৪৩০/-
৩	২২২০১২০৫	২৫.১২.২০২০	কন্ট্রোল আর্ম সংযোগ সেট ইত্যাদি	আইসিএফ, আরসিএফ	২০০ সেট	১১৭০০/-
৪	২৯২০১০৩২	১৮.১২.২০২০	টুল কিট ইত্যাদি	---	১১৩৪ সেট	৭৫৪৭০/-
৫	২২২০১১৬০	২৮.১২.২০২০	অ্যাক্সেল বক্স ইত্যাদি	আরসিএফ	২৫০০ টি	৪৫০১৫০/-
৬	২৩২০১০২৪এ	৩১.১২.২০২০	অ্যালুমিনিয়ার চেস্কার্ড চাদর ইত্যাদি	---	৩০০০০ কেজি	১৮০৬৯০/-
৭	২২২০১৮০১	০৭.১২.২০২১	কাস্ট স্টিল সাইড ফ্রেম ইত্যাদি	আরডিএসও	৪৮টি	৫৭২১০/-
৮	২২২০১৫৪৫	০৭.০১.২০২১	কনস্ট্যান্ট কন্টাক্ট কিট ইত্যাদি	আরডিএসও	৯০০টি	৬৬৬৪০/-
৯	২২২০১১৪২	০৭.০১.২০২১	আপগ্রেডেড হাই ক্যাপাসিটি ইত্যাদি	আরডিএসও	৩০০টি	১৩৯১৭০/-
১০	২২২০০৭৩৫বি	২০.০১.২০২১	রিভাইসড আইআরএস সাইড বাফার ইত্যাদি	আরডিএসও	৫০০টি	৫৯৯৫০/-

CPRO/S-38 প্রিন্সিপাল চিফ মেটিরিয়ালস ম্যানেজার, গোরক্ষপুর

যাত্রী সুবিধা সংক্রান্ত যে কোন অভিযোগ এসএমএস জানানোর মোবাইল নাম্বার ০৯৭৯৪৮৪৫৯৫৫

"ট্রেনের ছাদ ও পাদানিতে কখনই যাত্রা করিবেন না"

HALDER VENTURE LTD.
CIN: L74210WB1982PLC035117
Regd. Office: Diamond Heritage, 16 Strand Road,10th Floor, Room No- 1012, Kolkata, West Bengal.
Website: www.halderventure.in , Tel: (033) 66075557

NOTICE

It is hereby notified that the 38th Annual General Meeting of the members of the Company ('AGM') will be held on Wednesday 16th December, 2020 at 11.00 A.M. Indian Standard Time ('ISI') through Video Conferencing ('VC')/ Other Audio Visual Means ('OAVM') facility in compliance with all the applicable provisions of the Companies Act, 2013 and the Rules made thereunder and the SEBI (Listing Obligations and Disclosure Requirement Regulations, 2015 read with General Circular numbers 14/2020, 17/2020, 20/2020 dated April 8, 2020 and May 5, 2020 respectively issued by Ministry of Corporate Affairs (MCA), Government of India, and Circular No. SEBI/HO/CFD/CMD1/ CIR/P/2020/79 dated 12 May, 2020 issued by the Securities and Exchange Board of India (SEBI), without physical presence of the membres.

The Register of Members and Share Transfer Books of the Company will remain closed from 10th December, 2020 to 16th December,2020 (both days inclusive).

Notice is also hereby given that the Company will provide to its members facility to exercise their right to vote by electronic means on all resolutions included in the agenda of the aforesaid AGM. The members may cast their votes using the electronic voting system of National Securities Depository Limited ('NDSL') from the place other than the venue of the meeting ('remote e-voting'). The facility for E-voting electronically shall also be made available during the AGM for the members attending the same if they have not cast their vote by remote e-voting facility.

The communication relating to remote e-voting, inter alia, containing User ID and password along with a copy of the Notice convening the meeting shall be dispatched to the Members. This communication and the Notice of the meeting are available on the website of the Company at www.halderventure.in , on the website of the NSDL (agency for providing the Remote e-Voting facility and e-voting system during the AGM) i.e. https://www.evoting.nsdl.com, and website of the Stock Exchange i.e. BSE Limited at www.bseindia.com.

The period of remote e-voting facility shall start on 13.12.2020 at 10.00 a.m. (IST) and end on 15.12.2020 at 5.00 p.m. (IST). The remote e-voting shall not be allowed beyond the said date and time.

A person whose name appears in the register of Members/Beneficial owners as on the cut-off date i.e. 09.12.2020 only shall be entitled to avail the facility of remote e-voting, or, voting at the AGM.

Any person, who acquires shares of the Company and becomes a Member/Beneficial owners as on the cut-off date i.e. 09.12.2020 only shall be entitled to avail the facility of remote e-voting, or voting at the AGM.

Any person, who acquires shares of the Company and becomes a Member of the Company after dispatch of the Notice and is holding shares as on the cut-off date, may obtain the login ID and password by sending a request at evoting@nsdl.co.in.

However, if a member is already registered with NSDL for remote e-voting then he can use his existing user ID and password for casting his vote. If he forgets his password, he can reset his password by using "Forget User Details/ Password" or "Physical User Reset Password" option available on www.evoting.nsdl.com.

The detailed procedure for obtaining User ID and password is also provided in the Notice of the AGM which is available on Company's website and NSDL's website.

The member who have cast their vote by remote e-voting may attend the AGM but shall not be entitled to cast their vote again at the said AGM.

The manner of voting remotely for members holding shares in electronic mode, physical mode and for members who have not registered their mail addresses is provided in the Notice of the AGM. The Board of Directors has appointed Mr Manoj Prasad Shaw, Practicing Company Secretary of M/s, Manoj Shaw & Co. as Scrutinizer to scrutinize the remote e-voting and voting process at the AGM in a fair and transparent manner.

Members holding dematerialized shares and who have not registered their email addresses are requested to update/register the same with their respective depository participant(s) and members holding physical shares are requested to update/register their email addresses along with Folio no., Name of the shareholder and a self attested copy of PAN card to Halder Venture Limited at info@halderventure.in or to the Share Transfer Agent of the Company, Maheshwari Datamatics Pvt Ltd at mdpldc@yahoo.com.

In case of any/ grievances relating to voting by electronic means or technical assistance before and during the AGM, the members may refer to the Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting user manual available for Shareholders available at https:// www.evoting.nsdl.com.

For Halder Venture Limited
KESHAB KUMAR HALDER
Managing Director
(DIN- 00574080)

Place: Kolkata
Dated: 20.11.2020